রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, আগস্ট ১২, ২০০৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট

## প্রজ্ঞাপন

তারিখ, ২৮ শ্রাবণ ১৪১৬ বঙ্গাব্দ/১২ আগস্ট ২০০৯ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ২০৩-আইন/২০০৯।—পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ (২০০৬ সনের ২৪ নং আইন) এর ধারা ৭০ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা ঃ—

উপরি-উক্ত বিধিমালার—

১। বিধি ৪ এর উপ-বিধি (১০) এ উল্লিখিত "নন গ্রহণযোগ্য" শব্দগুলির পরিবর্তে "অগ্রহণযোগ্য (non-responsive)" শব্দগুলি এবং বন্ধনী প্রতিস্থাপিত হইবে;

২। বিধি ৫ এর উপ-বিধি (৪) এ উল্লিখিত "তাহা হইলে" শব্দগুলির পরিবর্তে "সেইক্ষেত্রে" শব্দ প্রতিস্থাপিত হইবে;

৩। বিধি ৭ এর উপ-বিধি (১) এর পর নিম্নরূপ দুইটি নূতন উপ-বিধি যথাক্রমে (২) এবং (৩) সংযোজিত হইবে, যথা ঃ—

"(২) উন্মুক্তকরণ কমিটির কাজ সুষ্ঠুভাবে সম্পাদনে উৎসাহ প্রদানের নিমিত্ত মূল্যায়ন কমিটির সদস্যদের ন্যায় নির্ধারিত হারে উন্মুক্তকরণ কমিটির সদস্যদের ফি বা সম্মানী প্রদান করা যাইবে।



মূল্য ঃ টাকা ১০.০০

(৩) উপ-বিধি (২) এর অধীন উন্মুক্তকরণ কমিটির সদস্যগণকে ফি বা সম্মানী প্রদানের জন্য উন্নয়ন ও রাজস্ব বাজেটে প্রয়োজনীয় অর্থের সংস্থান রাখিতে হইবে।";

৪। বিধি ৮ এর—

(ক) উপ-বিধি (১১) এর দফা (ক) তে উল্লিখিত "বা যদিও সে;" শব্দগুলি এবং সেমিকোলনের পরিবর্তে ";বা" সেমিকোলন এবং শব্দ প্রতিস্থাপিত হইবে;

(খ) উপ-বিধি (১৬) তে উল্লিখিত "উপ-ধারা" শব্দের পরিবর্তে "উপ-বিধি" শব্দ প্রতিস্থাপিত হইবে;

(গ) উপ-বিধি (১৮) তে উল্লিখিত "উপ-ধারা" শব্দের পরিবর্তে "উপ-বিধি" শব্দ প্রতিস্থাপিত হইবে;

৫। বিধি ২০ এর উপ-বিধি (১) এ উল্লিখিত "ধারা" শব্দটির পরিবর্তে "বিধি" শব্দ প্রতিস্থাপিত হইবে;

৬। বিধি ২২ এর উপ-বিধি (১) এর শেষে "দাঁড়ি" এর পরিবর্তে "কোলন" প্রতিস্থাপিত হইবে এবং নিম্নরূপ একটি নূতন শর্ত সংযোজিত হইবে, যথা ঃ—

"তবে শর্ত থাকে যে, তফসিল-২ এ উল্লিখিত মূল্যসীমা পর্যন্ত কার্য ক্রয়ের ক্ষেত্রে দরপত্রের সহিত জামানত হিসাবে বাংলাদেশের কোন তফসিলি ব্যাংক কর্তৃক ইস্যুকৃত ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার দাখিল করিতে হইবে।";

৭। বিধি ২৬ এর উপ-বিধি (২), (৩) এবং (৪) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (২), (৩) এবং (৪) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"(২) ক্রয়কারী কর্তৃক মূল্যায়ন প্রতিবেদন অনুমোদনের অব্যবহিত পরে অগ্রহণযোগ্য দরপত্রসমূহের দরপত্র জামানত, ধারা ৫৩ এর বিধান সাপেক্ষে, ফেরত দিতে হইবে।

(৩) ক্রয়কারী কর্তৃক মূল্যায়ন প্রতিবেদন অনুমোদনের পর মূল্যায়িত গ্রহণযোগ্য ১ম, ২য় এবং ৩য় সর্বনিম্ন দরপত্রের জামানত ব্যতীত অন্যান্য মূল্যায়িত গ্রহণযোগ্য দরপত্রদাতাদের দরপত্র জামানত, ধারা ৫৩ এর বিধান সাপেক্ষে, তাহাদের আবেদনের প্রেক্ষিতে, ফেরত দেওয়া যাইবে।

(৪) সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য দরপত্রের দরপত্রদাতার সহিত চুক্তিস্বাক্ষরের পরেই কেবল অবশিষ্ট দরপত্রসমূহের দরপত্র জামানত ফেরত দেওয়া যাইবে, তবে সকল ক্ষেত্রেই দরপত্র জামানত বৈধতার মেয়াদ উত্তীর্ণ হওয়ার পূর্বেই ফেরত দিতে হইবে।";

৮। বিধি ২৭ এর—

(ক) উপ-বিধি (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"(১) কৃতকার্য দরপত্রদাতাকে তফসিল-২ এ বর্ণিত হার অনুসরণক্রমে দরপত্র উপাত্ত শীট (tender data sheet) এ নির্দিষ্টকৃত হারে কার্য সম্পাদন জামানত প্রদান করিতে হইবে ঃ

তবে শর্ত থাকে যে, তফসিল ২ এর বিধি ২৮ এর উপ-বিধি (১) এর বিপরীতে উল্লিখিত কার্য ও ভৌত সেবাক্রয় চুক্তির ক্ষেত্রে অনুমিত রক্ষণযোগ্য অর্থ (Retention Money) কার্য-সম্পাদন জামানত হিসাবে গণ্য হইবে ঃ

আরো শর্ত থাকে যে, সরকারের নিজস্ব তহবিলের অর্থ দ্বারা সরকারী, স্বায়ত্তশাসিত, বা আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান হইতে পণ্য ক্রয়ের ক্ষেত্রে কার্য সম্পাদন জামানত গ্রহণের পরিবর্তে তফসিল-২ এ বর্ণিত হারে, পরিশোধযোগ্য বিল থেকে, নিরাপত্তা জামানত হিসাবে নির্দিষ্ট পরিমাণ অর্থ কর্তন করা যাইবে এবং পরবর্তীতে দরপত্র দলিল এ বর্ণিত শর্ত মোতাবেক উহা সংরক্ষণ এবং ফেরত প্রদান করিতে হইবে।";

(খ) উপ-বিধি (২) এ উল্লিখিত "ফ্রন্ট লোডিং এর কারণে" শব্দগুলির পরে "অথবা দাপ্তরিক প্রাক্কলিত মূল্য থেকে উল্লেখযোগ্য কম পরিমাণে দরপত্র মূল্য উদ্ধৃত করিবার ফলে" শব্দগুলি সন্নিবেশিত হইবে;

(গ) উপ-বিধি (৩) এ উল্লিখিত "তফসিল-২ অনুসারে" শব্দগুলি ও সংখ্যা বিলুপ্ত হইবে;

(ঘ) উপ-বিধি (৭) এ উল্লিখিত "রক্ষণযোগ্য অর্থ জমা রাখিবার বিষয়টি প্রযোজ্য না হইলে," শব্দগুলি ও কমা বিলুপ্ত হইবে।

৯। বিধি ২৮ এর উপ-বিধি (৩) এ উল্লিখিত "বিধি ৩৮ (২৯)" শব্দ, সংখ্যাগুলি ও বন্ধনীর পরিবর্তে "বিধি ৩৯ (২৯)" শব্দ, সংখ্যাগুলি ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে;

১০। বিধি ৩৬ এর উপ-বিধি (৩) এর—

(ক) দফা (ক) এর উপ-দফা (৩)(আ) তে উল্লিখিত "ক্রয় প্রস্তাবের বিষয়ে" শব্দগুলির পর "তফসিল-১৪ অনুসারে (নমুনা ছক)" শব্দগুলি, সংখ্যা এবং বন্ধনী সন্নিবেশিত হইবে;

(খ) দফা (খ) এর উপ-দফা (৪)(ক) তে উল্লিখিত "আপীল বিবেচনাধীন থাকিলে" শব্দগুলির পরিবর্তে "আপীল বিবেচনাধীন না থাকিলে" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

১১। বিধি ৩৮ এর উপ-বিধি (১৪) এর দফা (খ) এবং (গ) তে দুইবার উল্লিখিত "উৎসাহ বোনাস বা" শব্দগুলি উভয়স্থানে বিলুপ্ত হইবে;

১২। বিধি ৩৯ এর উপ-বিধি (৩৩) এ উল্লিখিত "কার্য এবং উহার জন্য নির্বাচিত জমির (site) দখল গ্রহণ করিবে" শব্দগুলি ও বন্ধনীর পরিবর্তে "কার্যস্থল এবং কার্য বুঝিয়া লইবে" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

১৩। বিধি ৫১ এর উপ-বিধি (১০) উপ-বিধি (৯) হিসাবে প্রতিস্থাপিত হইবে;

১৪। বিধি ৫২ এর উপ-বিধি (৩) এর—

(ক) দফা (গ) এর শেষে উল্লিখিত "এবং" শব্দটি বিলুপ্ত হইবে;

(খ) দফা (ঘ) এর শেষে "দাঁড়ির" পরিবর্তে "; এবং" সেমিকোলন এবং শব্দ প্রতিস্থাপিত হইবে এবং নিম্নরূপ একটি নূতন দফা (ঙ) সংযোজিত হইবে, যথা ঃ—

"(ঙ) তালিকাভুক্তিকরণ এবং নবায়ন ফি তফসিল-২ এ উল্লিখিত পরিমাণে নির্ধারণ করিতে হইবে।";

১৫। বিধি ৫৭ এর উপ-বিধি (৮) এ উল্লিখিত "উপ-বিধি (৬) এবং (৭)" শব্দগুলি, সংখ্যাগুলি ও বন্ধনীগুলির পরিবর্তে "উপ-বিধি (৬) অথবা (৭)" শব্দগুলি, সংখ্যাগুলি ও বন্ধনীগুলি প্রতিস্থাপিত হইবে;

১৬। বিধি ৬৩ এর উপ-বিধি (৫) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৫) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"(৫) এই পদ্ধতির অধীন দরপত্র জামানত প্রদান ও অনুমিত রক্ষণযোগ্য অর্থ বাধ্যতামূলক করা যাইবে না, তবে তফসিল-২ এ বিধি ২৭ (১) এর বিপরীতে বর্ণিত হারে কার্য-সম্পাদন জামানত গ্রহণ করিতে হইবে;";

১৭। বিধি ৬৪ এর উপ-বিধি (৫) এর পর নিম্নরূপ একটি নূতন উপ-বিধি (৬) সংযোজিত হইবে, যথা ঃ—

"(৬) বিধি ৬৩(২) এর অধীন কার্যক্রয়ের ক্ষেত্রে Activity Schedule এর ভিত্তিতে প্রণীত Lump-sum দরপত্র দলিল ব্যবহার করা যাইবে।";

১৮। বিধি ৬৯ এর উপ-বিধি (৬) এ উল্লিখিত "নিজস্ব ওয়ার্কসপে" শব্দগুলির পরিবর্তে "নিজস্ব ওয়ার্কশপের" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

১৯। বিধি ৭২ এর উপ-বিধি (৩) এ উল্লিখিত "মধ্যে" শব্দের পর "কমপক্ষে" শব্দ সন্নিবেশিত হইবে;

২০। বিধি ৭৩ এর—

(ক) উপ-বিধি (২) এর শর্তাংশে উল্লিখিত "কারিগরী মূল্যায়ন কমিটি" শব্দগুলির পরিবর্তে "দরপত্র মূল্যায়ন কমিটি" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) উপ-বিধি (৭) এ উল্লিখিত "প্রয়োজনীয় সংখ্যক" শব্দগুলির পরিবর্তে "কমপক্ষে ৩ (তিন) টি গ্রহণযোগ্য" শব্দগুলি, সংখ্যা ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে;

২১। বিধি ৭৪ এর উপ-বিধি (৩) এর শেষে "দাঁড়ির" পরিবর্তে "কোলন" প্রতিস্থাপিত হইবে এবং নিম্নরূপ শর্তাংশ সংযোজিত হইবে, যথা ঃ—

"তবে শর্ত থাকে যে, বিধি ৮১ এবং বিধি ৮২ এ বর্ণিত ক্রয় পদ্ধতির ক্ষেত্রে বাজেট বরাদ্দ এবং বাজেট বিভাজন অনুমোদন সাপেক্ষে, ক্রয়কারী কার্যালয় প্রধান বা তৎকর্তৃক ক্ষমতা প্রাপ্ত কর্মকর্তার অনুমোদন প্রয়োজন হইবে না।";

২২। বিধি ৭৬ এর—

(ক) উপ-বিধি (১) এর দফা (চ) তে উল্লিখিত "মূল্যে সরাসরি" শব্দগুলির পরিবর্তে "মূল্যে" শব্দ প্রতিস্থাপিত হইবে;

(খ) উপ-বিধি (২) এ উল্লিখিত "তফসিল-২এ" শব্দগুলি ও সংখ্যার পর "বিধি-৭৬(১) এর বিপরীতে" শব্দগুলি, সংখ্যাগুলি এবং বন্ধনী সন্নিবেশিত হইবে;

(গ) উপ-বিধি (৩) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৩) প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

"(৩) দারিদ্র নিরসনের লক্ষ্য সম্বলিত অনুমোদিত প্রকল্পের প্রকল্প দলিলে বা কর্মসূচীতে অথবা অন্য কোন অনুমোদিত প্রকল্প দলিল বা কর্মসূচীতে, সংস্থান থাকা সাপেক্ষে, প্রকল্পের বা কর্মসূচীর পরিচালন ম্যানুয়াল (operational manual) অনুসরণক্রমে প্রকল্পের বা কর্মসূচীর সুবিধাভোগী সংগঠন, ভূমিহীন জনগোষ্ঠী অথবা গ্রামীণ সংগঠনের সহিত ক্রয়কারী সরাসরি চুক্তি সম্পাদন করিতে পারিবে ঃ

তবে শর্ত থাকে যে, প্রকল্প বা কর্মসূচী বাস্তবায়ন কমিটি উক্ত ম্যানুয়াল অনুসরণে ক্ষুদ্র কার্য, আনুষঙ্গিক মালামাল অথবা সরাসরি শ্রম ক্রয় করিবে।";

২৩। বিধি ৭৯ এর উপ-বিধি (২) এর দফা (খ) তে উল্লিখিত "৭৪(৫)" সংখ্যাগুলি ও বন্ধনীর পরিবর্তে "৭৪(৪)" সংখ্যাগুলি ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে;

২৪। বিধি ৮০ এর উপ-বিধি (৬) এ উল্লিখিত "তফসিল-২ এ বর্ণিত" শব্দগুলি ও সংখ্যার পরিবর্তে "তফসিল-২ এ বিধি ৭৮ (৩) এর বিপরীতে" শব্দগুলি, সংখ্যাগুলি ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে;

২৫। বিধি ৮৩ এর উপ-বিধি (১) এর দফা (ঙ) এর পর নিম্নরূপ একটি নূতন দফা (চ) সংযোজিত হইবে, যথাঃ—

"(চ) ক্ষেত্র বিশেষে, প্রযোজ্য ইনকোটার্ম (INCOTERM) এর প্রয়োগ উল্লেখ করিতে হইবে।";

২৬। বিধি ৮৫ এর উপ-বিধি (১) এ উল্লিখিত "in back" শব্দগুলির পরিবর্তে "inbulk" শব্দ প্রতিস্থাপিত হইবে;

২৭। বিধি ৮৭ এর উপ-বিধি (২) এ উল্লিখিত "৪২ ও" শব্দ ও সংখ্যা বিলুপ্ত হইবে;

২৮। বিধি ৮৯ এর উপ-বিধি (৪) এর—

(ক) দফা (ক) তে উল্লিখিত "ইচ্ছানুযায়ী" শব্দের পরিবর্তে "প্রয়োজনমতে" শব্দ প্রতিস্থাপিত হইবে;

(খ) দফা (ঙ) এর উপ-দফা (অ) তে উল্লিখিত "মেট্রিক টন" শব্দগুলির পরিবর্তে "প্রতি মেট্রিক টন" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

২৯। বিধি ৯০ এর উপ-বিধি (৫) এ উল্লিখিত "তফসিল-১০ (Schedule-X)" শব্দগুলি, সংখ্যা ও বন্ধনীর পরিবর্তে "তফসিল-১০ (Schedule-X) এবং তফসিল-১১ (Schedule-XI)" শব্দগুলি, সংখ্যাগুলি ও বন্ধনীগুলি প্রতিস্থাপিত হইবে;

৩০। বিধি ৯১ এর উপ-বিধি (১২) এ উল্লিখিত "তফসিল-১১ (Schedule-XI)" শব্দগুলি, সংখ্যা ও বন্ধনীর পরিবর্তে "তফসিল-১০ (Schedule-X)" শব্দগুলি, সংখ্যা ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে;

৩১। বিধি ৯৩ এর উপ-বিধি (১০) এ উল্লিখিত "সর্বোচ্চ সংখ্যক এবং এ ধরনের" শব্দগুলির পরিবর্তে "এ ধরনের সর্বোচ্চ সংখ্যক" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

৩২। বিধি ৯৭ এর—

(ক) উপ-বিধি (৪) এর দফা (চ) তে উল্লিখিত "শুনানো যাহা উক্ত তথ্য" শব্দগুলির পরিবর্তে "শুনানোর পর" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) উপ-বিধি (৫) এ "না হইলে বা" শব্দগুলির পরিবর্তে "না হইলে এবং" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(গ) উপ-বিধি (১০) উপ-বিধি (৯) হিসাবে প্রতিস্থাপিত হইবে;

৩৩। বিধি ৯৮ এর—

(ক) উপ-বিধি (২০) এ উল্লিখিত "মোট চুক্তি মূল্য" শব্দগুলির পরিবর্তে "সমষ্টিক চুক্তিমূল্য (Sum Total)" শব্দগুলি ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে;

(খ) উপ-বিধি (৩২) এ উল্লিখিত "উদ্ধৃত মূল্যের" শব্দগুলির পরিবর্তে "সর্বনিম্ন মূল্যায়িত দরের" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

৩৪। বিধি ১০২ এর উপ-বিধি (৯) এ উল্লিখিত "বিধি ২৭(৫) ও (৬)" শব্দ, সংখ্যাগুলি ও বন্ধনীগুলির পরিবর্তে "বিধি ২৭(৭) ও (৮)" শব্দ, সংখ্যাগুলি ও বন্ধনীগুলি প্রতিস্থাপিত হইবে;

৩৫। বিধি ১০৪ এর উপ-বিধি (৮) এ উল্লিখিত "৭৪(৫)" সংখ্যা ও বন্ধনীর পরিবর্তে "৭৪(৪)" সংখ্যা ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে;

৩৬। বিধি ১১৭ এর উপ-বিধি (২৪) এর—

(ক) দফা (খ) তে উল্লিখিত "এবং ব্যয়ের ক্ষেত্রে যথাক্রমে সর্বোচ্চ গুরুত্ব শতকরা ৮০ (আশি) এবং ২০ (বিশ) নির্ধারণ করা যাইতে পারে" শব্দগুলি, সংখ্যাগুলি এবং বন্ধনীগুলির পরিবর্তে "এবং ব্যয়ের ক্ষেত্রে গুরুত্ব যথাক্রমে শতকরা ৮০ (আশি) হইতে ৯০ (নব্বই) এবং শতকরা ১০ (দশ) হইতে ২০ (বিশ) নির্ধারণ করা যাইতে পারে" শব্দগুলি, সংখ্যাগুলি এবং বন্ধনীগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) দফা (চ) তে উল্লিখিত "দাপ্তরিক প্রাক্কলন" শব্দগুলির পরিবর্তে "নির্দিষ্ট বাজেটের অধীন নির্বাচন পদ্ধতি ব্যতীত দাপ্তরিক প্রাক্কলন" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

৩৭। বিধি ১১৯ এর উপ-বিধি (১১) এর শেষে "দাঁড়ির" পরিবর্তে "কোলন" প্রতিস্থাপিত হইবে এবং নিম্নরূপ একটি নূতন শর্তাংশ সংযোজিত হইবে, যথা ঃ—

"তবে শর্ত থাকে যে, অনুমোদনকারী কর্তৃপক্ষ যদি ক্রয়কারী কার্যালয় প্রধানের উচ্চতর কোন কর্মকর্তা হন তাহা হইলে, বিধি-১০ উপ-বিধি (১) এর দফা (ঘ) এর ব্যতিক্রমে ক্রয়কারী কার্যালয় প্রধানের অব্যবহিত নিচের ধাপের কর্মকর্তা প্রস্তাব মূল্যায়ন কমিটির সভায় সভাপতিত্ব করিবেন।";

৩৮। বিধি ১২৫ এর উপ-বিধি (৩) এ উল্লিখিত "থোক চুক্তি (lum-sum)" শব্দগুলি ও বন্ধনীর পরিবর্তে "থোক চুক্তি (lump-sum)" শব্দগুলি ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে;

৩৯। বিধি ১২৬ এর উপ-বিধি (৩) এ উল্লিখিত "সিপিটিইউ'র" শব্দের পূর্বে "তফসিল-৬ এ প্রদত্ত ছকে" শব্দগুলি এবং সংখ্যা সন্নিবেশিত হইবে;

৪০। বিধি ১৩০ এর উপ-বিধি (১) এর দফা (খ) তে উল্লিখিত "ক্রয়কারী" শব্দের পরিবর্তে "ক্রয়কারী বা" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

৪১। তফসিল-২ এর—

(ক) বিধি ৭ এর বিপরীতে উল্লিখিত "সংশ্লিষ্ট ক্রয়কারী এবং অন্যান্য সংস্থার ২ জন" শব্দগুলি এবং সংখ্যার পরিবর্তে "সংশ্লিষ্ট ক্রয়কারী হইতে ২ (দুই) জন" শব্দগুলি, সংখ্যা ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে;

(খ) বিধি (৮) এর—

(অ) উপ-বিধি (৮) এর বিপরীতে উল্লিখিত "২ (দুই)" শব্দ, সংখ্যা ও বন্ধনীর পরিবর্তে "১ (এক)" শব্দ, সংখ্যা ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে এবং উহার ১ম বুলেট এর অব্যবহিত পরে নিম্নরূপ একটি নূতন বুলেট ও এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা ঃ—

" ▸ জাতীয় পতাকাবাহী বাহন এবং বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাস বা মিশনসমূহের ক্ষেত্রে ক্রয়কারী থেকে কমপক্ষে ৩ (তিন) জন।";

(আ) উপ-বিধি (১৫) এর বিপরীতে উল্লিখিত "মূল্যায়ন কমিটির সদস্য-প্রতি ফি বা সম্মানী" শীর্ষক শিরোনামাধীন এন্ট্রির নীচে বিভিন্ন বুলেটে উল্লিখিত হার/ পরিমাণ নিম্নরূপে প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"১ম বুলেটে "সর্বাধিক ১০০০ (এক হাজার) টাকা" শব্দগুলি, সংখ্যা ও বন্ধনীর পরিবর্তে "১৫০০ (এক হাজার পাঁচশত) টাকা তবে সর্বোচ্চ ৬০০০ (ছয় হাজার) টাকা" শব্দগুলি, সংখ্যাগুলি ও বন্ধনীগুলি প্রতিস্থাপিত হইবে;

২য় বুলেটে "সর্বাধিক ৬০০ (ছয় শত) টাকা" শব্দগুলি, সংখ্যা ও বন্ধনীর পরিবর্তে "১০০০ (এক হাজার) টাকা তবে সর্বোচ্চ ৩০০০ (তিন হাজার) টাকা" শব্দগুলি, সংখ্যাগুলি ও বন্ধনীগুলি প্রতিস্থাপিত হইবে;

৩য় বুলেটে "সর্বাধিক ৩০০ (তিন শত) টাকা" শব্দগুলি, সংখ্যা ও বন্ধনীর পরিবর্তে "৫০০ (পাঁচশত) টাকা তবে সর্বোচ্চ ১৫০০ (এক হাজার পাঁচশত) টাকা" শব্দগুলি, সংখ্যাগুলি ও বন্ধনীগুলি প্রতিস্থাপিত হইবে;";

৩য় বুলেটের নীচে নিম্নরূপ একটি নূতন উপ শিরোনামা ও বুলেট সংযোজিত হইবে, যথা ঃ—

"১০ (দশ) লক্ষ টাকা পর্যন্ত ক্রয়ের ক্ষেত্রে ঃ

- প্রতি সভার জন্য সদস্য প্রতি ৩০০ (তিনশত) টাকা তবে সর্বোচ্চ ৯০০ (নয়শত) টাকা।";

(গ) বিধি ৯ এর উপ-বিধি (২) (ক) এর বিপরীতে—

(অ) "পণ্য এবং সংশ্লিষ্ট সেবা ঃ" শিরোনামাধীন ১ম বুলেটে "১৫ (পনের)" শব্দ, সংখ্যা ও বন্ধনীর পরিবর্তে "২৫ (পঁচিশ)" শব্দ, সংখ্যা ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে; এবং

৩য় বুলেটে "৫ (পাঁচ)" শব্দ, সংখ্যা ও বন্ধনীর পরিবর্তে "১০ (দশ)" শব্দ, সংখ্যা ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে;

(আ) "কার্য ও ভৌত সেবা ঃ" শিরোনামাধীন ১ম বুলেটে "৩০ (ত্রিশ)" শব্দ, সংখ্যা ও বন্ধনীর পরিবর্তে "৫০ (পঞ্চাশ)" শব্দ, সংখ্যা ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে; এবং

৩য় বুলেটে "৫ (পাঁচ)" শব্দ, সংখ্যা ও বন্ধনীর পরিবর্তে "১০ (দশ)" শব্দ, সংখ্যা ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে;

(ঘ) বিধি ২১ এর উপ-বিধি (২) এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহের পর নিম্নরূপ একটি নূতন বিধি ও উহার বিপরীতে এন্ট্রিসমূহ সংযোজিত হইবে, যথা ঃ—

"

| | |
|---|---|
| ২২(১) | ব্যাংক-ড্রাফট বা পে-অর্ডার দাখিল সংক্রান্ত মূল্যসীমা ঃ<br>২ (দুই) কোটি টাকা পর্যন্ত। |

";

(ঙ) বিধি ২৭ এর—

(অ) উপ-বিধি (১) এর বিপরীতে সর্বশেষ ৫ম বুলেটের পর নিম্নরূপ তিনটি নূতন বুলেট যথাক্রমে ৬ষ্ঠ, ৭ম এবং ৮ম সংযোজিত হইবে, যথা ঃ—

"▸ পণ্য পরিবহনের ক্ষেত্রে চুক্তি মূল্যের ৫% (শতকরা পাঁচ ভাগ) এবং পরিবহনযোগ্য পণ্যমূল্যের ৫% (শতকরা পাঁচ ভাগ), যা পরবর্তী পরিবহনেও ব্যবহার করা যাইবে;

▸ সীমিত দরপত্রের ক্ষেত্রে চুক্তিমূল্যের ৩% (শতকরা তিনভাগ) হইতে ৫% (শতকরা পাঁচ ভাগ); এবং

▸ নিরাপত্তা জামানত হিসাবে পরিশোধযোগ্য বিল থেকে কর্তনের পরিমাণ ১০% (শতকরা দশ ভাগ);"

(আ) উপ-বিধি (২) এর বিপরীতে উল্লিখিত শিরনামা এবং বুলেট এর পরিবর্তে নিম্নরূপ শিরনামা এবং বুলেট প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

| **"ফ্রন্ট লোডিং (Front Loading) অথবা দাপ্তরিক প্রাক্কলিত মূল্য থেকে উল্লেখযোগ্য কম পরিমাণে দরপত্র মূল্য উদ্ধৃতকরণ এর ক্ষেত্রে কার্য সম্পাদন জামানতের পরিমাণ ঃ** |
| --- |
| ▸ চুক্তিমূল্যের সর্বাধিক ২৫% (শতকরা পঁচিশ ভাগ)।"; |

(চ) বিধি ২৮ এর উপ-বিধি (১) এর বিপরীতে ২য় বুলেট এর পর নিম্নরূপ একটি নূতন বুলেট "৩য়" সংযোজিত হইবে, যথা ঃ—

▸ উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে ২ (দুই) কোটি টাকা পর্যন্ত কার্যচুক্তির ক্ষেত্রে অনুমিত রক্ষণযোগ্য অর্থ ১০% (শতকরা দশ ভাগ) হইবে, যাহার মধ্যে দরপত্র জামানতের অর্থও অন্তর্ভুক্ত থাকিবে।";

(ছ) বিধি ৩৯ এর উপ-বিধি (১৮) এর বিপরীতে উল্লিখিত শিরনামার পরিবর্তে নিম্নরূপ শিরনামা প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"ক্রয়কারী কর্তৃক চুক্তি সংশোধন";

(জ) বিধি ৫২ এর—

(অ) উপ-বিধি (৩) (খ) এর বিপরীতে উল্লিখিত শিরনামার অধীন এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্টিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা ঃ

" ▸ কমপক্ষে ৩ (তিন) জন সদস্য, যাহাদের মধ্যে—

▸ একজন ক্রয়কারী বহির্ভূত সদস্য

▸ একজন ক্রয়কারী সদস্য

▸ একজন ক্রয়কারীর কারিগরি সদস্য।";

(আ) উপ-বিধি (৩) (ঘ) এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহের পর নিম্নরূপ নূতন বিধি ও উহার বিপরীতে এন্ট্রিসমূহ সংযোজিত হইবে, যথা ঃ

"

| ৫২(৩)(ঙ) | তালিকাভুক্তি ও নবায়ন ফি ঃ |
|---|---|
| | ▸ শ্রেণী ভিত্তিক তালিকাভুক্তি ফি ৫০০০ (পাঁচ হাজার) টাকা।<br>▸ শ্রেণী ভিত্তিক নবায়ন ফি ২০০০ (দুই হাজার) টাকা। |

";

(ঝ) বিধি ৫৭ এর উপ-বিধি (৯) এবং (১২) এর বিপরীতে ৭ম এবং ৮ম বুলেটে দুইবার উল্লিখিত "লিখিত সিদ্ধান্ত প্রাপ্তির" শব্দগুলি উভয়স্থানে বিলুপ্ত হইবে;

(ঞ) বিধি ৫৮ এর উপ-বিধি (৪) এর বিপরীতে উল্লিখিত "২৫০০ (দুই হাজার পাঁচশত)" শব্দগুলি, সংখ্যা ও বন্ধনীর পরিবর্তে "৩৫০০ (তিন হাজার পাঁচশত)" শব্দগুলি, সংখ্যা ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে;

(ট) বিধি ৬১ এর উপ-বিধি (৪) এর—

(অ) ১ম বুলেটে উল্লিখিত "৩০ (ত্রিশ) লক্ষ" শব্দগুলি, সংখ্যা ও বন্ধনীর পরিবর্তে "২ (দুই) কোটি" শব্দগুলি, সংখ্যা ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে;

(আ) ২য় বুলেটে উল্লিখিত "৩০ (ত্রিশ) লক্ষ" শব্দগুলি, সংখ্যা ও বন্ধনীর পরিবর্তে "২ (দুই) কোটি" শব্দগুলি, সংখ্যা ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে;

(ই) ৪র্থ বুলেটে উল্লিখিত "১৪ (চৌদ্দ)" শব্দ, সংখ্যা ও বন্ধনীর পরিবর্তে "১০(দশ)" শব্দ, সংখ্যা ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে;

(ঈ) ৫ম বুলেটের পরিবর্তে নিম্নরূপ নূতন ৫ম বুলেট প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

" ▸ পুনঃদরপত্র আহ্বানের সময় অনূর্ধ্ব ২(দুই) কোটি টাকা ক্রয়ের ক্ষেত্রে ১০(দশ) দিন, বিপর্যয়কর ঘটনার ক্ষেত্রে ৭(সাত) দিন এবং অন্যান্য ক্ষেত্রে ১৪ (চৌদ্দ) দিন।";

(ঠ) বিধি ৬৩ এর উপ-বিধি (২) এর বিপরীতে—

(অ) ১ম বুলেটে উল্লিখত "১৫ (পনের) লক্ষ টাকা" শব্দগুলি, সংখ্যা ও বন্ধনীর পরিবর্তে "২৫(পঁচিশ) লক্ষ টাকা" শব্দগুলি, সংখ্যা ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে;

(আ) ২য় বুলেটে উল্লিখিত "৩০ (ত্রিশ) লক্ষ টাকা" শব্দগুলি, সংখ্যা ও বন্ধনীর পরিবর্তে "৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা" শব্দগুলি, সংখ্যা ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে;

(ড) বিধি ৬৪ এর উপ-বিধি (৫) এর বিপরীতে শিরোনামে উল্লিখিত "আওতায়" শব্দের পর "সরাসরি দরপত্র আহ্বান অথবা" শব্দগুলি সংযোজিত হইবে;

(ঢ) বিধি ৬৯ এর উপ-বিধি (১) এবং (৬)(ক) ও (গ) এর বিপরীতে—

(অ) রাজস্ব বাজেটের অধীন ক্রয়ের ক্ষেত্রে বুলেটের—

"১ (এক) ", "৩ (তিন)", "২(দুই)" এবং "৫(পাঁচ)" শব্দগুলি, সংখ্যাগুলি ও বন্ধনীর পরিবর্তে যথাক্রমে "২ (দুই)", "১০(দশ)", "৫(পাঁচ)" এবং "২০ (বিশ)" শব্দগুলি, সংখ্যাগুলি এবং বন্ধনীগুলি প্রতিস্থাপিত হইবে;

(আ) উন্নয়ন বাজেটের অধীন ক্রয়ের ক্ষেত্রে বুলেটের—

"২ (দুই)", "৫(পাঁচ)", "৩ (তিন)" এবং "১০(দশ)" শব্দগুলি, সংখ্যাগুলি ও বন্ধনীর পরিবর্তে যথাক্রমে "৫(পাঁচ)", "২০ (বিশ)", "১০(দশ)"এবং "৪০(চল্লিশ)" শব্দগুলি, সংখ্যাগুলি এবং বন্ধনীগুলি প্রতিস্থাপিত হইবে;

(ণ) বিধি ৬৯ এর উপ-বিধি (৬) (খ) এর বিপরীতে বুলেটে উল্লিখিত "৫(পাঁচ)" শব্দ, সংখ্যা ও বন্ধনীর পরিবর্তে "১৫(পনের)" শব্দ, সংখ্যা ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে;

(ত) বিধি ৭৪ এর উপ-বিধি "(৫)" এর পরিবর্তে উপ-বিধি "(৪)" প্রতিস্থাপিত হইবে;

(থ) বিধি ৭৬ এর —

(অ) উপ-বিধি (১) (ঞ) এর বিপরীতে বুলেটে উল্লিখিত "২০(বিশ)" এবং "৩০(ত্রিশ)" শব্দগুলি, সংখ্যাগুলি ও বন্ধনীগুলির পরিবর্তে যথাক্রমে "৫০(পঞ্চাশ)" এবং "৫০০(পাঁচশত)" শব্দগুলি, সংখ্যাগুলি ও বন্ধনীগুলি প্রতিস্থাপিত হইবে; এবং

(আ) উপ-বিধি (১) (ট) এর বিপরীতে বুলেটে উল্লিখিত "৫০(পঞ্চাশ) হাজার" এবং "১(এক) লক্ষ" শব্দগুলি, সংখ্যাগুলি ও বন্ধনীগুলির পরিবর্তে যথাক্রমে "১(এক) লক্ষ" এবং "৫ (পাঁচ) লক্ষ" শব্দগুলি, সংখ্যাগুলি ও বন্ধনীগুলি প্রতিস্থাপিত হইবে;

(দ) বিধি ৮১ এর বিপরীতে বুলেটে উল্লিখিত "১৫০০০ (পনের হাজার)" এবং "২(দুই)" শব্দগুলি, সংখ্যাগুলি ও বন্ধনীগুলির পরিবর্তে যথাক্রমে "২৫০০০ (পঁচিশ হাজার)" এবং "৫(পাঁচ)" শব্দগুলি, সংখ্যাগুলি ও বন্ধনীগুলি প্রতিস্থাপিত হইবে;

(ধ) বিধি ৮৮ এর উপ-বিধি (১) এবং (২) এর বিপরীতে উল্লিখিত "৫(পাঁচ)" এবং "১০(দশ)" শব্দগুলি, সংখ্যাগুলি ও বন্ধনীগুলির পরিবর্তে যথাক্রমে "১৫(পনের)" এবং "৫০ (পঞ্চাশ)" শব্দগুলি, সংখ্যাগুলি ও বন্ধনীগুলি প্রতিস্থাপিত হইবে;

(ন) তফসিল-৬ এ উল্লিখিত "Format for Reporting Contract Award" শব্দগুলির নীচে "(for Tk. 100 million and above for Goods & Works Contracts)" এবং "(for Tk. 5 million and above for Service Contracts)" শব্দগুলি, সংখ্যাগুলি ও বন্ধনীগুলি বিলুপ্ত হইবে;

৪২। তফসিল-১০ এর রেফারেন্স হিসাবে উল্লিখিত "বিধি ৯০(৫)" শব্দ, সংখ্যাগুলি ও বন্ধনীর পরিবর্তে "বিধি ৯০ (৫)" ও ৯১(১২)" শব্দগুলি, সংখ্যাগুলি ও বন্ধনীগুলি প্রতিস্থাপিত হইবে;

৪৩। তফসিল-১১ এর রেফারেন্স হিসাবে উল্লিখিত "বিধি ৯১(১২)" শব্দ, সংখ্যাগুলি ও বন্ধনীর পরিবর্তে "বিধি ৯০ (৫)" শব্দ, সংখ্যাগুলি ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে;

৪৪। তফসিল-১৩ এর পর নিম্নরূপ একটি নূতন তফসিল ১৪ সংযোজিত হইবে, যথা ঃ—

"তফসিল-১৪

[বিধি ৩৬(৩)(ক)(২)(অ) দ্রষ্টব্য]

সরকারী ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির জন্য ক্রয় প্রস্তাব প্রেরণের নমুনা ছক

[গোপনীয়]

------- কপির ---------৩য় কপি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

------------------------------------------মন্ত্রণালয়/বিভাগ

------------------------------------------

------------------------------------------

নং- তারিখ ঃ

সরকারী ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির জন্য সার-সংক্ষেপ

বিষয় ঃ (ক্রয় কর্ম পরিকল্পনা/দরপত্র বা প্রস্তাব আহ্বান/দরপত্র বা প্রস্তাব দলিল মোতাবেক ক্রয়ের পূর্ণ নাম ও প্যাকেজ/লট নং )।

১। সংস্থার নাম /ক্রয়কারী ঃ

২। প্রকল্পের নাম ও বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে) ঃ

৩। অর্থের উৎস ঃ

৪। ক্রয়ের সংক্ষিপ্ত বিবরণ (Goods/Works/Services) ঃ

৫। ক্রয় পদ্ধতি (Procurement Method) এবং একক কাজকে একাধিক প্যাকেজে বিভক্ত করা হইয়া থাকিলে এর যৌক্তিকতাসহ বিবরণ ঃ

৬। প্রযোজ্য ক্ষেত্রে প্রাক-যোগ্যতা (Pre-qualification) বা সংক্ষিপ্ত তালিকা (Short listing) বিষয়ে আবেদনপত্র আহবান থেকে তালিকা অনুমোদন/পুনঃ আহবান (বিজ্ঞপ্তি প্রকাশ), দরপত্র/প্রস্তাব দলিল প্রদানের তারিখসহ বিবরণ ঃ (পত্রিকা/CPTU এর Website এ প্রকাশের কপি সংযুক্ত করিতে হইবে)

৭। দরপত্র/প্রস্তাব আহবান, প্রাক-দরপত্র/প্রস্তাব বৈঠক, দরপত্র/প্রস্তাব গ্রহণ, উন্মুক্তকরণ ইত্যাদির তারিখ ও সময়সহ বিবরণ ঃ (দরপত্র/প্রস্তাব আহবানের/পুনঃ আহবানের পত্রিকা এবং CPTU এর Website এ প্রকাশের কপি সংযুক্ত করিতে হইবে)।)

৮। দরপত্র/প্রস্তাব মূল্যায়ন শুরু এবং প্রতিবেদন দাখিলের, দরপত্র/প্রস্তাবের বৈধতার মূল মেয়াদ এবং মেয়াদ বৃদ্ধির তারিখ (প্রযোজ্য হইলে) (সংযুক্তিসহ) সহ বিবরণ ঃ

৯। দরপত্র/প্রস্তাবের মূল্যায়ন সম্পর্কিত মতামতসহ বিবরণ ঃ (মূল্যায়ন প্রতিবেদনের কপি, মূল্যায়ন কমিটির গঠন, সকল দরদাতা/প্রস্তাবদাতার প্যাকেজ/লট ইত্যাদি ভিত্তিক গ্রহণযোগ্য/ অগ্রহণযোগ্য হওয়ার কারণসহ তুলনামূলক বিবরণী এবং মূল্যায়ন কমিটির সদস্যদের একক ও পৃথকভাবে সার্টিফিকেট প্রদান ইত্যাদি সংযুক্তি প্রদান করিতে হইবে)

১০। প্রযোজ্য ক্ষেত্রে মূল্যায়ন কমিটির ভিন্নমত পোষণকারী সদস্যের ভিন্নমতের কারণসহ বর্ণনা ঃ

১১। বৈদেশিক সাহায্যপুষ্ট অর্থায়নে ক্রয় হইলে উন্নয়ন সহযোগীর সম্মতিপত্রের সংযুক্তিসহ বিবরণ ঃ

১২। মূল্যায়ন কমিটির সুস্পষ্ট সুপারিশসহ বিবরণ ঃ

১৩। ইতোপূর্বে সরকারী ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে আলোচ্য প্যাকেজটি উপস্থাপিত হইয়া থাকিলে পূর্বের সিদ্ধান্ত ও সেই অনুযায়ী গৃহীত ব্যবস্থাবলীর বিবরণ ঃ

১৪। আলোচ্য ক্রয়ের বিষয়ে কোন অভিযোগ ও আপীল হইয়া থাকিলে ইহার বিবরণ ঃ

১৫। মন্ত্রণালয়/বিভাগের মতামতসহ (মন্ত্রিপরিষদ বিভাগের পরিপত্র মোতাবেক) সার্টিফিকেট ঃ

১৬। ক্রয়ের সার্বিক বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে পরিমাণগত দিকসহ) এবং সম্পাদিতব্য চুক্তিকৃত মূল্যের বিভাজন (যথা ঃ ভ্যাট, ট্যাক্স, আইটি ইত্যাদি) ও চুক্তির বাস্তবায়নকালীন সময়সহ সার্বিক বিবেচনায় মন্ত্রণালয়ের সুস্পষ্ট সুপারিশ ঃ

১৭। সার-সংক্ষেপের উপর মাননীয় মন্ত্রীর অনুমোদন এবং সরকারী ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে উপস্থাপনের সম্মতি প্রদান ঃ

মন্ত্রণালয়/বিভাগের সচিব

নাম, পদবী এবং স্বাক্ষর"।

[নোট ঃ (১) সার-সংক্ষেপের বিবরণ অনুচ্ছেদ আকারে হইবে, কোন শিরোনামা বা উপ-শিরোনামা দেওয়া যাইবে না।

(২) মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক প্রাসঙ্গিক বিবেচিত হইলে অন্য যে কোন তথ্যাবলী সংশ্লিষ্ট অনুচ্ছেদে অন্তর্ভুক্ত করা যাইবে।]"।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আব্দুল মালেক**

সচিব

বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।

মোঃ মাছুম খান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ মজিবুর রহমান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। www.bgpress.gov.bd

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, মার্চ ২৯, ২০১১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**পরিকল্পনা মন্ত্রণালয়**
**বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ**
**সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৩ চৈত্র ১৪১৭ বঙ্গাব্দ/২৭ মার্চ ২০১১ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ৭৩-আইন/২০১১।**—পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ (২০০৬ সনের ২৪ নং আইন) এর ধারা ৭০ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা ঃ—

উপরি-উক্ত বিধিমালার—

১। বিধি ২ এর উপ-বিধি (১৫) তে উল্লিখিত "পরিদপ্তরের প্রধান" শব্দগুলির পর "বা, ক্ষেত্রমত, বিভাগীয় কমিশনার, ডেপুটি কমিশনার, জেলা জজ" শব্দগুলি ও কমাগুলি সন্নিবেশিত হইবে;

২। বিধি ৪ এর উপ-বিধি (২) এর দফা (ক) এর পর নিম্নরূপ দুইটি নূতন দফা যথাক্রমে (কক) এবং (ককক) সন্নিবেশিত হইবে, যথা ঃ—

"(কক) সীমিত দরপত্র পদ্ধতির আওতায় অনধিক ২ (দুই) কোটি টাকার অভ্যন্তরীণ কার্য ক্রয়ের ক্ষেত্রে, দরপত্র দলিলে কার্যের পরিমাণগত হিসাব সম্বলিত তফসিলে (bill of quantities) একক দরসহ দাপ্তরিক প্রাক্কলন (official estimate);

(ককক) উন্মুক্ত দরপত্র পদ্ধতির মাধ্যমে যে কোন মূল্যের অভ্যন্তরীণ কার্য ক্রয়ের ক্ষেত্রে, দাপ্তরিক প্রাক্কলন (official estimate) ব্যতীত কার্যের পরিমাণগত হিসাব সম্বলিত তফসিল (bill of quantities);";


মূল্য ঃ টাকা ৮.০০

৩। বিধি ৮ এর—

(ক) উপ-বিধি (১৪) তে উল্লিখিত "অনুমোদনকারী কর্তৃপক্ষ" শব্দগুলির পরিবর্তে "ক্রয়কারী কার্যালয় প্রধান বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি" শব্দগুলি সন্নিবেশিত হইবে;

(খ) উপ-বিধি (১৫) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১৫) প্রতিস্থাপিত হইবে, যথা :—

"(১৫) মূল্যায়ন কমিটি ও কারিগরী কমিটির কাজ সুষ্ঠুভাবে সম্পাদনে উৎসাহ প্রদানের নিমিত্ত সভা আহ্বানকারী ক্রয়কারী তফসিল-২ এ বর্ণিত হার বা সরকার কর্তৃক, সময় সময়, নির্ধারিত হারে উহার প্রত্যেক সদস্যকে ফি বা সম্মানী প্রদান করিবে।";

(গ) উপ-বিধি (১৬) তে উল্লিখিত "মূল্যায়ন কমিটির" শব্দগুলির পরিবর্তে "মূল্যায়ন কমিটি এবং কারিগরী সাব-কমিটির" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

৪। বিধি ৯ এর উপ-বিধি (২) বিলুপ্ত হইবে;

৫। বিধি ১৬ এর—

(ক) উপ-বিধি (৪) এ উল্লিখিত "সরকার কর্তৃক সময় সময় নির্ধারিত ছকে" শব্দগুলির পরিবর্তে "তফসিল-৫ এর অংশ-ক অনুসারে" শব্দগুলি, হাইফেনগুলি সংখ্যা ও বর্ণ প্রতিস্থাপিত হইবে;

(খ) উপ-বিধি (৫)—

(অ) এ উল্লিখিত "দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় (official cost estimate)" শব্দগুলি ও বন্ধনীর পরিবর্তে "প্রাক্কলিত ব্যয় (cost estimate)" শব্দগুলি ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে;

(আ) এর পর নিম্নরূপ দুইটি নূতন উপ-বিধি যথাক্রমে (৫ক) এবং (৫খ) সন্নিবেশিত হইবে, যথা :—

"(৫ক) উপ-বিধি (৫) এ যাহা কিছুই থাকুক না কেন, ক্রয়কারী দরপত্র বা প্রস্তাব দাখিলের অনুরোধ সম্বলিত দলিল চূড়ান্তকরণের পূর্বে বা দরপত্র বা প্রস্তাব আহ্বানের পূর্বে কোন নির্দিষ্ট ক্রয়ের দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় (official cost estimate) প্রস্তুত করিবে;

(৫খ) উপ-বিধি (৫ক) এ প্রস্তুতকৃত দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় (official cost estimate) কোন উন্নয়ন প্রকল্প বা কর্মসূচীর সার্বিক ক্রয় পরিকল্পনায় উল্লিখিত প্রাক্কলিত ব্যয় হইতে অধিক হইলে ক্রয়কারী কার্যালয় প্রধান এবং অধিক না

হইলে ক্রয়কারী কার্যালয় প্রধান কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি বা অনুমোদনকারী কর্তৃপক্ষ (যদি অনুমোদনকারী কর্তৃপক্ষ ক্রয়কারী কার্যালয় প্রধানের নিম্নে হন) কর্তৃক অনুমোদনপূর্বক সীমিত দরপত্র পদ্ধতিতে অভ্যন্তরীণ কার্য ক্রয়ের ক্ষেত্র ব্যতীত, দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় (official cost estimate) সীলগালা করিয়া রাখিবে, যাহা দরপত্র বা প্রস্তাব মূল্যায়নের সময় মূল্যায়ন কমিটি কর্তৃক উন্মুক্ত করা হইবে।";

৬। বিধি ২২ এর উপ-বিধি (৪) এ উল্লিখিত—

(ক) "বা লট ভিত্তিক" শব্দসমূহ বিলুপ্ত হইবে;

(খ) "আইটেম বা লটসমূহের" শব্দসমূহের পরিবর্তে "আইটেমসমূহের" শব্দটি প্রতিস্থাপিত হইবে;

৭। বিধি ৩৩ এর উপ-বিধি (৩) এর পর নিম্নরূপ একটি নূতন উপ-বিধি (৩ক) সন্নিবেশিত হইবে, যথা ঃ—

"(৩ক) উপ-বিধি (২) ও (৩) এ যাহা কিছুই থাকুক না কেন, সীমিত দরপত্র পদ্ধতির ক্ষেত্রে ধারা ১৯ এর উপ-ধারা (১ক) এর বিধান অনুসৃত হইবে।

**উদাহরণ**।- কোন কার্য ক্রয়ের ক্ষেত্রে দরপত্র দলিলে প্রাক্কলিত মূল্য ১০০.০০ লক্ষ টাকা উল্লেখ করা হইলে, কোন দরদাতা ± ৫% বা ৯৫.০০ লক্ষ টাকা হইতে ১০৫.০০ লক্ষ টাকা দরে দরপত্র দাখিল করিতে পারিবে। তবে দরদাতা ৯৫.০০ লক্ষ টাকার কম বা ১০৫.০০ লক্ষ টাকার বেশী দরে দরপত্র দাখিল করিলে তাহার দরপত্র বাতিল হইয়া যাইবে।";

৮। বিধি ৩৯ এর উপ-বিধি (১৮) তে উল্লিখিত "অতিরিক্ত কার্যের মূল্য তফসিল-২ এ নির্ধারিত সীমা অতিক্রম না করা সাপেক্ষে," শব্দগুলি, হাইফেন, সংখ্যা ও কমা বিলুপ্ত হইবে;

৯। বিধি ৪৮ এর উপ-বিধি (৫) এর পর নিম্নরূপ একটি নূতন উপ-বিধি (৬) সংযোজিত হইবে, যথা ঃ—

"(৬) এই বিধিতে যাহা কিছুই থাকুক না কেন, সীমিত দরপত্র পদ্ধতির আওতায় অনধিক দুই (২) কোটি টাকার অভ্যন্তরীণ কার্যক্রমের ক্ষেত্রে ব্যক্তির যোগ্যতা নির্ধারণে অতীতে সম্পাদিত ক্রয় কার্যের অভিজ্ঞতার প্রয়োজন হইবে না।";

১০। বিধি ৫২ এর—

"(ক) উপ-বিধি (১) এ উল্লিখিত "করিতে পারিবে" শব্দগুলির পরিবর্তে "করিবে" শব্দ প্রতিস্থাপিত হইবে;

(খ) উপ-বিধি (৩) এর—

(অ) দফা (ক) তে উল্লিখিত "ধরন ও শ্রেণীর" শব্দগুলির পরিবর্তে "ধরনের" শব্দ প্রতিস্থাপিত হইবে;

(আ) দফা (গ) বিলুপ্ত হইবে;

(ই) পর নিম্নরূপ একটি নূতন উপ-বিধি (৪) সংযোজিত হইবে, যথা ঃ—

"(৪) উপ-বিধি (২) এ যাহা কিছুই থাকুক না কেন, বিধি ৪৮(৬) অনুযায়ী সীমিত দরপত্র পদ্ধতির আওতায় অনধিক দুই (২) কোটি টাকার অভ্যন্তরীণ কার্য ক্রয়ের ক্ষেত্রে অতীতে সম্পাদিত ক্রয়কার্যের অভিজ্ঞতার প্রয়োজন হইবে না।";

১১। বিধি ৬২ এর—

"(ক) উপ-বিধি (১) এ উল্লিখিত "দুই পর্যায় বিশিষ্ট দরপত্র পদ্ধতি" শব্দগুলির পর ",এক ধাপ দুই খাম দরপত্র পদ্ধতি" কমা ও শব্দগুলি সন্নিবেশিত হইবে;

(খ) উপ-বিধি (২) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (২) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"(২) সীমিত দরপত্র পদ্ধতি, দুই পর্যায় বিশিষ্ট দরপত্র পদ্ধতি, এক ধাপ দুই খাম দরপত্র পদ্ধতি, কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতি এবং সরাসরি ক্রয় পদ্ধতির অধীন পণ্য ও সংশ্লিষ্ট সেবা এবং কার্য ও ভৌত সেবা ক্রয়ের ক্ষেত্রে যথাক্রমে তফসিল-৩ এর গ, ঘ, ঘঘ, ঙ এবং চ অংশে প্রদত্ত ফ্লো-চার্ট এ উল্লিখিত প্রক্রিয়া এবং কার্যক্রম অনুসরণীয় হইবে।";

১২। বিধি ৬৩ এর উপ-বিধি (২) এ উল্লিখিত "পণ্যের" শব্দের পরিবর্তে "পণ্য বা কার্যের"শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

১৩। বিধি ৬৪ এর উপ-বিধি (১) এ উল্লিখিত "পণ্য এবং সংশ্লিষ্ট সেবা" শব্দগুলির পরিবর্তে "পণ্য ও সংশ্লিষ্ট সেবা এবং কার্য ও ভৌত সেবা" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

১৪। চতুর্থ অধ্যায়ের "অংশ-৩" এর পর নিম্নরূপ একটি নূতন অংশ "অংশ-৩ক" সন্নিবেশিত হইবে, যথা ঃ—

**"অংশ-৩ক**

**অভ্যন্তরীণ ক্রয় ঃ এক ধাপ দুই খাম দরপত্র পদ্ধতি**

৬৮ক। **এক ধাপ দুই খাম দরপত্র পদ্ধতি প্রয়োগের শর্ত**।—(১) টার্ন-কী চুক্তি বা বৃহদাকার প্লান্ট স্থাপন সংক্রান্ত চুক্তির (যথা-প্রক্রিয়াকরণ স্থাপনা সরবরাহ, স্থাপন এবং চালুকরণ, বা বৃহদাকার কার্য বা যোগাযোগ প্রযুক্তি সংক্রান্ত চুক্তি ইত্যাদি) ক্ষেত্রে পূর্ণাঙ্গ কারিগরী বিনির্দেশ, কার্যের হিসাব সম্বলিত বিবরণ (Bill of Quantities) বা আবশ্যকীয় পণ্যের সরবরাহ সম্বলিত বিবরণ (Schedule

of Requirement), ডিজাইন ইত্যাদিসহ পূর্ণাঙ্গ দরপত্র দলিল প্রণয়ন করিতে ক্রয়কারী সক্ষম হইলে, তিনি ধারা ৩২ এর উপ-ধারা (১) এর দফা (গগ) এর বিধান অনুসারে এক ধাপ দুই খাম দরপত্র পদ্ধতি প্রয়োগ করিতে পারিবেন।

(২) এক ধাপ দুই খাম দরপত্র পদ্ধতি ব্যবহারের ক্ষেত্রে ক্রয়কারী কার্যালয় প্রধান অথবা তাহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার পূর্বানুমোদন গ্রহণ করিতে হইবে।

৬৮খ। **এক ধাপ দুই খাম দরপত্র পদ্ধতি প্রয়োগের ক্ষেত্রে অনুসরণীয় কার্যপ্রণালী।**—(১) ক্রয়কারী প্রত্যেক দরদাতাকে কারিগরী এবং আর্থিক প্রস্তাব যথাযথভাবে চিহ্নিত পৃথক পৃথক দুইটি খামে সীলগালা করিয়া অন্য একটি বহিঃস্থ খামে স্থাপন ও উক্ত বহিঃস্থ খাম পুনরায় সীলগালা করিয়া দরপত্র জমাদানের আহ্বান জানাইয়া বিজ্ঞাপন প্রকাশ করিবে।

(২) দরপত্রদাতাকে কারিগরী প্রস্তাবের সহিত বিজ্ঞাপনে বর্ণিত স্থির অংকে (rounded fixed amount) দরপত্র জামানত দাখিল করিবার জন্য আহ্বান জানাইতে হইবে।

(৩) বিধি ৬১ এর উপ-বিধি (৪) এর অধীনে উন্মুক্ত দরপত্র পদ্ধতির জন্য প্রদেয় সময় এই বিধির অধীন আলোচ্য দরপত্র পদ্ধতির ক্ষেত্রেও প্রযোজ্য হইবে।

৬৮গ। **এক ধাপ দুই খাম দরপত্র পদ্ধতিতে কারিগরী প্রস্তাব উন্মুক্তকরণ ও মূল্যায়ন।**—(১) উন্মুক্তকরণ কমিটি বিধি ৯৭ প্রতিপালনপূর্বক প্রথমে শুধুমাত্র কারিগরী প্রস্তাব দরপত্র দলিলে উল্লিখিত স্থানে ও সময়ে উন্মুক্ত করিবে ঃ

তবে শর্ত থাকে যে, উক্ত বিধিতে যাহা কিছুই থাকুক না কেন, কারিগরী প্রস্তাব উন্মুক্তকরণের সময় উক্ত বিধির উপ-বিধি (৪) এর দফা (চ) এর উপ-দফা (ই), (ঈ) ও উপ-বিধি (৫) এবং তফসিল-৪ এর অংশ-ঘ এর Serial no.(15), (16) ও (24) প্রযোজ্য হইবে না।

(২) কারিগরী প্রস্তাব গৃহীত ও উন্মুক্ত করিবার পর কোন অবস্থাতেই কারিগরী প্রস্তাব সংশোধন বা পরিবর্তন করা যাইবে না।

(৩) বিধি ৯৮ অনুযায়ী দরপত্র মূল্যায়ন কমিটি দরপত্র দলিলে উল্লিখিত শর্ত, কারিগরী যোগ্যতা ও নির্ণায়কসমূহের আলোকে কৃতকার্যতা বা অকৃতকার্যতার (pass or fail) ভিত্তিতে কারিগরী প্রস্তাবসমূহ মূল্যায়ন করিবে।

(৪) দরপত্র মূল্যায়ন কমিটি প্রতিটি দরদাতার কারিগরী প্রস্তাব কারিগরী যোগ্যতার শর্তসমূহ পূরণ করে কি না উহা নিরূপণ করিবে এবং কারিগরী যোগ্যতার শর্তসমূহ পূরণ না করিলে উক্ত দরপত্র নন্‌-রেসপনসিভ বলিয়া বিবেচিত হইবে।

(৫) কারিগরী প্রস্তাবসমূহের মূল্যায়ন সমাপ্ত হইবার পর উক্ত মূল্যায়ন প্রতিবেদন ক্রয়কারী কার্যালয় প্রধান বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি কর্তৃক অনুমোদিত হইতে হইবে ঃ

তবে শর্ত থাকে যে, উক্তরূপ অনুমোদিত না হওয়া পর্যন্ত আর্থিক প্রস্তাবসমূহ ক্রয়কারী কার্যালয় প্রধান বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি একটি নিরাপদ স্থানে সংরক্ষণ করিবে।

৬৮ঘ। **এক ধাপ দুই খাম দরপত্র পদ্ধতিতে আর্থিক প্রস্তাব উন্মুক্ত ও মূল্যায়ন।**—(১) ক্রয়কারী কার্যালয়ের প্রধান বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি কর্তৃক কারিগরী মূল্যায়ন প্রতিবেদন অনুমোদনের পর ক্রয়কারী কারিগরী মূল্যায়নে কৃতকার্য দরদাতাদেরকে আর্থিক প্রস্তাব উন্মুক্তকরণের স্থান, তারিখ ও সময় জানাইয়া প্রকাশ্যে উন্মুক্তকরণ সভায় উপস্থিত থাকিবার জন্য লিখিতভাবে অনুরোধ করিবে।

(২) দরপত্র উন্মুক্তকরণ সভায় দরপত্র মূল্যায়ন কমিটি কারিগরী মূল্যায়নে কৃতকার্য সকল দরদাতার আর্থিক প্রস্তাব বিধি ৯৭ অনুযায়ী উন্মুক্ত করিবে।

(৩) দরপত্র মূল্যায়ন কমিটি বিধি ৯৮ অনুযায়ী আর্থিক প্রস্তাব মূল্যায়নপূর্বক সর্বনিম্ন মূল্যায়িত দরদাতা নির্বাচন করিবে।

(৪) ক্রয়কারী কৃতকার্য দরপত্রদাতার সহিত চুক্তি স্বাক্ষরের পর, কারিগরী প্রস্তাব মূল্যায়নে নন্-রেসপনসিভ বিবেচিত দরপত্রদাতাদের নন্-রেসপনসিভ হওয়ার বিষয়টি অবহিত করিবে এবং আর্থিক প্রস্তাব উন্মুক্ত না করিয়া ফেরত দিবে।";

১৫। বিধি ৭৪ এর উপ-বিধি (৪) এ উল্লিখিত "মূল্যসীমার উর্ধ্বের" শব্দগুলির পরিবর্তে "মূল্যসীমার" শব্দ প্রতিস্থাপিত হইবে;

১৬। বিধি ৮০ এর উপ-বিধি (৬) বিলুপ্ত হইবে;

১৭। বিধি ৮৩ এর উপ-বিধি (১) এর দফা (ঙ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ঙ) প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

"(ঙ) আন্তর্জাতিক প্রতিযোগীগণের বিপরীতে মূল্য-সুবিধা প্রদানের লক্ষ্যে, দেশীয় শিল্প অথবা পণ্য উৎপাদনের বিকাশে সহায়তা প্রদানের জন্য, তফসিল-২ এ বর্ণিত হারে, ধারা ৩৩ এর দফা (গ) এর উপ-দফা (ঋ) এবং (ঋঋ) প্রযোজ্য হইবে।";

১৮। বিধি ৮৯ এর উপ-বিধি (৪) এর—

(ক) দফা (গ) তে উল্লিখিত উদাহরণ বিলুপ্ত হইবে;

(খ) দফা (ঘ) তে উল্লিখিত উদাহরণ বিলুপ্ত হইবে;

১৯। বিধি ৯০ এর উপ-বিধি (২) এর দফা (গ) বিলুপ্ত হইবে;

২০। বিধি ৯৬ এর উপ-বিধি (১১) এর দফা (গ) তে উল্লিখিত "সর্বশেষ সময়সীমা নির্ধারণ করিতে হইবে এবং অন্যান্য স্থানে বা স্থানসমূহে নির্ধারিত সময়ের মধ্যে" শব্দগুলির পরিবর্তে "সর্বশেষ সময়সীমা এক এবং অভিন্ন রাখিতে হইবে এবং অন্যান্য স্থান বা স্থানসমূহ হইতে" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

২১। বিধি ৯৮ এর পর নিম্নরূপ একটি নূতন বিধি ৯৮ক সন্নিবেশিত হইবে, যথা ঃ—

"৯৮ক। **লটারীর প্রয়োগ, ইত্যাদি।**—(১) ধারা ৪৯ এর উপ-ধারা (১) এর দফা (ক) এর শর্তাংশে উল্লিখিত বিশেষ ক্ষেত্র হিসাবে লটারীর মাধ্যমে দরদাতা নির্ণয়ের জন্য উপ-বিধি (২) এ উল্লিখিত পদ্ধতি অনুসৃত হইবে।

(২) মূল্যায়ন কমিটি—

(ক) লটারী অনুষ্ঠানের স্থান, তারিখ ও সময় ক্রয়কারী এবং সর্বনিম্ন মূল্যায়িত দরদাতাগণকে লিখিত নোটিশের মাধ্যমে জানাইবে;

(খ) দফা (ক) তে উল্লিখিত নোটিশে নির্ধারিত স্থান, তারিখ ও সময়ে ক্রয়কারী বা তদ্‌কর্তৃক মনোনীত প্রতিনিধি এবং সর্বনিম্ন মূল্যায়িত দরদাতা বা তাহার প্রতিনিধির উপস্থিতিতে প্রকাশ্যে লটারীর মাধ্যমে ঠিকাদার নির্বাচন করিবে;

(গ) লটারীর জন্য সাধারণভাবে গ্রহণযোগ্য (generally acceptable) কোন স্বচ্ছ (transparent) যেমন, গুটি, কুপনস, ইত্যাদির মাধ্যমে লটারী পরিচালনা করিবে।

(৩) সর্বনিম্ন মূল্যায়িত দরদাতার সংখ্যা দুই বা তিন হইলে লটারীতে যিনি প্রথম হইবেন তিনি সর্বনিম্ন মূল্যায়িত দরদাতা হিসাবে নির্বাচিত হইবেন এবং একই সাথে দ্বিতীয় বা, ক্ষেত্রমত, তৃতীয় সর্বনিম্ন মূল্যায়িত দরদাতা নির্বাচন করিতে হইবে।

(৪) উপ-বিধি (৩) অনুসারে প্রথম নির্বাচিত মূল্যায়িত দরদাতা চুক্তি সম্পাদনের জন্য যোগ্য বিবেচিত হইবেন ঃ

তবে শর্ত থাকে যে, প্রথম নির্বাচিত দরদাতা চুক্তি সম্পাদনে ব্যর্থ হইলে ক্রমান্বয়ে নির্বাচিত দ্বিতীয় বা, ক্ষেত্রমত, তৃতীয় সর্বনিম্ন মূল্যায়িত দরদাতা চুক্তি সম্পাদনের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন ঃ

আরও শর্ত থাকে যে, লটারীর মাধ্যমে নির্বাচিত সর্বনিম্ন দরদাতার সংখ্যা তিন এর অধিক হইবে না।";

২২। তফসিল-১ এর পরিবর্তে নিম্নরূপ তফসিল-১ প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"তফসিল-১

[বিধি ৪(১) দ্রঃ ]

পণ্য, কার্য, সেবা, ইত্যাদি ক্রয়ের আদর্শ দলিলসমূহের তালিকা

পণ্য ও সংশ্লিষ্ট সেবা

| | | |
|---|---|---|
| পিজি ১ | অভ্যন্তরীণ ক্রয় | কোটেশনের মাধ্যমে-পণ্য সংগ্রহের ক্ষেত্রে অনুরোধ জ্ঞাপনের জন্য দলিল (SRFQ) |
| পিজি ২ | অভ্যন্তরীণ ক্রয় | সীমিত অথবা উন্মুক্ত দরপত্রের মাধ্যমে পণ্য সংগ্রহের ক্ষেত্রে দরপত্র দলিল (STD) (টাকা ২৫.০০ লক্ষ পর্যন্ত) |
| পিজি ৩ | অভ্যন্তরীণ ক্রয় | উন্মুক্ত দরপত্রের মাধ্যমে পণ্য সংগ্রহের ক্ষেত্রে দরপত্র দলিল (STD) (টাকা ২৫.০০ লক্ষ এর উর্দ্ধে যে কোন মূল্যমানের) |
| পিজি ৪ | আন্তর্জাতিক ক্রয় | উন্মুক্ত দরপত্রের মাধ্যমে পণ্য সংগ্রহের ক্ষেত্রে দরপত্র দলিল (STD) ( যে কোন মূল্যমানের) |
| পিজি ৫এ | অভ্যন্তরীণ/ আন্তর্জাতিক ক্রয় | প্লান্ট ও যন্ত্রপাতি সরবরাহ এবং স্থাপনের জন্য দরপত্র দলিল (STD) [ "টার্নকি চুক্তির আওতায়" এক পর্যায় বিশিষ্ট পদ্ধতির জন্য প্রযোজ্য হইবে ( যে কোন মূল্যমানের)] |
| পিজি ৫বি | অভ্যন্তরীণ/ আন্তর্জাতিক ক্রয় | প্লান্ট ও যন্ত্রপাতি সরবরাহ এবং স্থাপনের জন্য দরপত্র দলিল (STD) ["টার্নকি চুক্তির আওতায়" দুই পর্যায় বিশিষ্ট পদ্ধতির জন্য প্রযোজ্য হইবে (যে কোন মূল্যমানের)] |
| পিজি ৬ | আন্তর্জাতিক ক্রয় | কোটেশনের মাধ্যমে বিভাজ্য (divisible) পণ্য সামগ্রী অধিক পরিমাণে (in bulk) সংগ্রহের ক্ষেত্রে অনুরোধ জ্ঞাপনের জন্য দলিল (SRFQ) ( যে কোন মূল্যমানের) |
| পিকিউজি | অভ্যন্তরীণ/ আন্তর্জাতিক ক্রয় | প্লান্ট ও যন্ত্রপাতি সরবরাহ ও স্থাপনের ক্ষেত্রে (টাকা ১৫.০০ কোটির উর্দ্ধে) এবং নির্দিষ্ট নকশা ও মাপে যন্ত্রপাতি তৈরী (custom designed equipment) (টাকা ৩.৫০ কোটির উর্দ্ধে) প্রাক-যোগ্যতা নির্ধারণের জন্য দলিল (PQG) |
| এসএএফই-এ | অভ্যন্তরীণ ক্রয় | পণ্য সংগ্রহের ক্ষেত্রে তালিকাভুক্তির জন্য আবেদন ছক (SAFE-A) (টাকা ২৫.০০ লক্ষ পর্যন্ত) |

কার্য ও ভৌত সেবা

| | | |
|---|---|---|
| পিডব্লিউ ১ | অভ্যন্তরীণ ক্রয় | কোটেশনের মাধ্যমে কার্য সম্পাদনের ক্ষেত্রে অনুরোধ জ্ঞাপনের জন্য দলিল (SRFQ) |
| পিডব্লিউ ২এ | অভ্যন্তরীণ ক্রয় | উন্মুক্ত দরপত্রের মাধ্যমে কার্য সম্পাদনের ক্ষেত্রে দরপত্র দলিল (STD) (টাকা ২.০০ কোটি পর্যন্ত) |
| পিডব্লিউ ২বি | অভ্যন্তরীণ ক্রয় | সীমিত দরপত্রের মাধ্যমে কার্য সম্পাদনের ক্ষেত্রে দরপত্র দলিল (STD) (টাকা ২.০০ কোটি পর্যন্ত) |
| পিডব্লিউ ৩ | অভ্যন্তরীণ ক্রয় | উন্মুক্ত দরপত্রের মাধ্যমে কার্য সম্পাদনের ক্ষেত্রে দরপত্র দলিল (STD) ঃ প্রাক-যোগ্যতা নির্ধারণ ব্যতীত। (টাকা ২.০০ কোটি এর উর্ধ্বে যে কোন মূল্যমানের) |
| পিকিউডব্লিউ ৪ | অভ্যন্তরীণ ক্রয় | কার্য সম্পাদনের ক্ষেত্রে (টাকা ৩৫.০০ কোটি এর উর্ধ্বে) এবং রক্ষণাবেক্ষণ কার্যের ক্ষেত্রে (টাকা ৩.৫০ কোটি এর উর্ধ্বে) প্রাক-যোগ্যতা নির্ধারণের জন্য দলিল (SPD) |
| পিডব্লিউ ৫ | অভ্যন্তরীণ ক্রয় | উন্মুক্ত দরপত্রের মাধ্যমে নির্মাণ কার্য অথবা স্থাপনার নকশা তৈরী ও অবকাঠামো নির্মাণ অথবা ব্যবস্থাপনা চুক্তির ক্ষেত্রে (টাকা ৩৫.০০ কোটি এর উর্ধ্বে) এবং রক্ষণাবেক্ষণ কার্যের ক্ষেত্রে (টাকা ৩.৫০ কোটির উর্ধ্বে) দরপত্র দলিল (STD) |
| পিকিউডব্লিউ ৬ | আন্তর্জাতিক ক্রয় | কার্য সম্পাদনের ক্ষেত্রে প্রাক যোগ্যতা নির্ধারণের জন্য দলিল (SPD) (টাকা ৩৫.০০ কোটি এর উর্ধ্বে) |
| পিডব্লিউ ৭ | আন্তর্জাতিক ক্রয় | বৃহৎ এবং জটিল কার্য সম্পাদনের ক্ষেত্রে দরপত্র দলিল (STD) (টাকা ৩৫.০০ কোটি এর উর্ধ্বে) |
| এসএএফই-বি | অভ্যন্তরীণ ক্রয় | কার্য সম্পাদনের ক্ষেত্রে তালিকাভুক্তির জন্য আবেদন ছক (SAFE-B) (টাকা ২.০০ কোটি পর্যন্ত) |

বুদ্ধিবৃত্তিক এবং পেশাগত সেবা

| | | |
|---|---|---|
| পিএস ১ | অভ্যন্তরীণ | সামাজিক সেবামূলক (Community Services) সংগঠন নির্বাচনের ক্ষেত্রে প্রস্তাব দাখিলের অনুরোধ সম্বলিত দলিল (SRFP) |
| পিএস ২ | অভ্যন্তরীণ | এনজিও নির্বাচনের ক্ষেত্রে প্রস্তাব দাখিলের অনুরোধ সম্বলিত দলিল (SRFP) |
| পিএস ৩ | অভ্যন্তরীণ | থোক চুক্তি (lump-sum) ব্যক্তি পরামর্শক নির্বাচনের ক্ষেত্রে আবেদন দাখিলের অনুরোধ সম্বলিত দলিল ((SRFA) |
| পিএস ৪ | অভ্যন্তরীণ | সময়ভিত্তিক (Time-based) ব্যক্তি পরামর্শক নির্বাচনের ক্ষেত্রে আবেদন দাখিলের অনুরোধ সম্বলিত দলিল(SRFA) |

| | | |
|---|---|---|
| পিএস ৫ | অভ্যন্তরীণ | পরামর্শক প্রতিষ্ঠান নির্বাচনের ক্ষেত্রে প্রস্তাব দাখিলের অনুরোধ সম্বলিত দলিল (SRFP) (simple থোক চুক্তি টাকা ১.০০ কোটি পর্যন্ত) |
| পিএস ৬ | অভ্যন্তরীণ | পরামর্শক প্রতিষ্ঠান নির্বাচনের ক্ষেত্রে প্রস্তাব দাখিলের অনুরোধ সম্বলিত দলিল (SRFP) (simple সময়ভিত্তিক টাকা ১.০০ কোটি পর্যন্ত) |
| পিএস ৭ | অভ্যন্তরীণ | পরামর্শক প্রতিষ্ঠান নির্বাচনের ক্ষেত্রে প্রস্তাব দাখিলের অনুরোধ সম্বলিত দলিল (SRFP) (জটিল ও থোক চুক্তি টাকা ১.০০ কোটি এর উর্ধ্বে) |
| পিএস ৮ | অভ্যন্তরীণ | পরামর্শক প্রতিষ্ঠান নির্বাচনের ক্ষেত্রে প্রস্তাব দাখিলের অনুরোধ সম্বলিত দলিল (SRFP) (জটিল ও সময়ভিত্তিক চুক্তি টাকা ১.০০ কোটি এর উর্ধ্বে) |
| পিএস ৯ | আন্তর্জাতিক | থোক চুক্তি (lump-sum) ব্যক্তি পরামর্শক নির্বাচনের ক্ষেত্রে আবেদন দাখিলের অনুরোধ সম্বলিত দলিল (SRFA) |
| পিএস ১০ | আন্তর্জাতিক | সময়ভিত্তিক (Time based) ব্যক্তি পরামর্শক নির্বাচনের ক্ষেত্রে আবেদন দাখিলের অনুরোধ সম্বলিত দলিল (SRFA) |
| পিএস ১১ | আন্তর্জাতিক | পরামর্শক প্রতিষ্ঠান নির্বাচনের ক্ষেত্রে প্রস্তাব দাখিলের অনুরোধ সম্বলিত দলিল (SRFP)<br>(থোক চুক্তি-যে কোন মূল্যমানের) |
| পিএস ১২ | আন্তর্জাতিক | পরামর্শক প্রতিষ্ঠান নির্বাচনের ক্ষেত্রে প্রস্তাব দাখিলের অনুরোধ সম্বলিত দলিল (SRFP)<br>(সময়ভিত্তিক চুক্তি-যে কোন মূল্যমানের) |
| পিএস এন | অভ্যন্তরীণ | পরামর্শ বিহীন একক সেবা গ্রহণের ক্ষেত্রে (Stand alone Service) প্রস্তাব দাখিলের অনুরোধ সম্বলিত দলিল (SRFP)<br>(যে কোন মূল্যমানের) |

মূল্যায়ন

| | | |
|---|---|---|
| ইভিজি | | পণ্য ক্রয়ের ক্ষেত্রে দরপত্র উন্মুক্তকরণ ও মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত সংক্রান্ত ছক ও নির্দেশাবলী। |
| ইভিডব্লিউ | | কার্য সম্পাদনের ক্ষেত্রে দরপত্র উন্মুক্তকরণ ও মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত সংক্রান্ত ছক ও নির্দেশাবলী। |
| ই ভি এস | | পরামর্শক সেবা গ্রহণের ক্ষেত্রে প্রস্তাব উন্মুক্তকরণ ও মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত সংক্রান্ত ছক ও নির্দেশাবলী। |
| পিপিপিআর | | ক্রয় প্রক্রিয়া উত্তর পুনরীক্ষণ (Procedure for Procurement Post Review) পদ্ধতি। |

";

২৩। তফসিল-২ এর "বিধি" শিরোনামাধীন কলামে উল্লিখিত বিধির ক্রমিক নম্বর—

(ক) যথাক্রমে "৮(২)", "৮(৮)" ও "৮(২)" এবং উহাদের বিপরীতে "সময়, মূল্য, ইত্যাদি" শিরোনামাধীন কলামে উল্লিখিত শিরোনাম ও এন্ট্রিসমূহের পরিবর্তে যথাক্রমে নিম্নরূপ বিধির ক্রমিক নম্বরসমূহ, শিরোনাম ও এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

| | |
|---|---|
| "৮(২) | স্বল্প-ক্রয়ের জন্য দরপত্র বা প্রস্তাব মূল্যায়ন কমিটি ঃ |
| | ▶ কমপক্ষে ৩ (তিন) জন সদস্য, যাহাদের মধ্যে ১ (এক) জন একই মন্ত্রণালয়, বিভাগ বা সংস্থার অধীনস্থ অপরাপর ক্রয়কারীসমূহের কর্মকর্তাকে মূল্যায়ন কমিটির বহিঃসদস্য হিসাবে অন্তর্ভুক্ত করিতে হইবে। |
| | পণ্য এবং সংশ্লিষ্ট সেবার মূল্যসীমা ঃ |
| | ▶ ২৫ (পঁচিশ) লক্ষ টাকা পর্যন্ত উন্মুক্ত ও সীমিত দরপত্র পদ্ধতিতে ক্রয়;<br>▶ ৫ (পাঁচ) লক্ষ টাকা পর্যন্ত সরাসরি দরপত্র পদ্ধতিতে ক্রয়;<br>▶ ৫ (পাঁচ) লক্ষ টাকা পর্যন্ত কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতিতে ক্রয়;<br>▶ জাতীয় পতাকাবাহী বাহন ও বৈদেশিক মিশনসমূহের ক্ষেত্রে ১৫ (পনের) লক্ষ টাকা পর্যন্ত কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতিতে ক্রয়; |
| | কার্য এবং ভৌত সেবার মূল্যসীমা ঃ |
| | ▶ ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা পর্যন্ত উন্মুক্ত ও সীমিত দরপত্র পদ্ধতিতে ক্রয়;<br>▶ ১০ (দশ) লক্ষ টাকা পর্যন্ত সরাসরি দরপত্র পদ্ধতিতে ক্রয়;<br>▶ ১০ (দশ) লক্ষ টাকা পর্যন্ত কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতিতে ক্রয়; |
| | সেবাসমূহের মূল্যসীমা ঃ |
| | ▶ ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা পর্যন্ত সর্বনিম্ন ব্যয়ভিত্তিক নির্বাচন পদ্ধতিতে বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা ক্রয়;<br>▶ ১০ (দশ) লক্ষ টাকা পর্যন্ত একক উৎস ভিত্তিক নির্বাচন পদ্ধতিতে বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা ক্রয়;<br>▶ ২ (দুই) লক্ষ টাকা পর্যন্ত কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতিতে জরুরী ও অদৃষ্টপূর্ব সেবা ক্রয়; |
| ৮(৮) | ▶ মূল্যায়ন কমিটির সভার বৈধতার জন্য অন্যূন ৩ (তিন) জন সদস্যের উপস্থিতি আবশ্যক হইবে। "; |

(খ) "৮(১৫)"এবং উহার বিপরীতে "সময়, মূল্য, ইত্যাদি" শিরোনামাধীন কলামে উল্লিখিত শিরোনাম ও এন্ট্রিসমূহের পরিবর্তে যথাক্রমে নিম্নরূপ বিধির ক্রমিক নম্বর, শিরোনাম ও এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :—

| | |
|---|---|
| "৮(১৫) | **মূল্যায়ন কমিটির সদস্য-প্রতি ফি বা সম্মানী ঃ** |
| | ১০ (দশ) কোটি টাকার উর্ধ্বের ক্রয়ের ক্ষেত্রে ঃ<br>▸ প্রতি সভার জন্য সদস্য প্রতি ১৫০০ (এক হাজার পাঁচশত) টাকা, তবে সর্বোচ্চ ৬০০০ (ছয় হাজার) টাকা ;<br>১ (এক) কোটি টাকার উর্ধ্ব হইতে ১০ (দশ) কোটি টাকা পর্যন্ত ক্রয়ের ক্ষেত্রে ঃ<br>▸ প্রতি সভার জন্য সদস্য প্রতি ১০০০ (এক হাজার) টাকা, তবে সর্বোচ্চ ৩০০০ (তিন হাজার) টাকা ;<br>১০ (দশ) লক্ষ টাকার উর্ধ্ব হইতে ১ (এক) কোটি টাকা পর্যন্ত ক্রয়ের ক্ষেত্রে ঃ<br>▸ প্রতি সভার জন্য সদস্য প্রতি ৫০০ (পাঁচশত) টাকা, তবে সর্বোচ্চ ১৫০০ (এক হাজার পাঁচশত টাকা);<br>১০ (দশ) লক্ষ টাকা পর্যন্ত ক্রয়ের ক্ষেত্রে ঃ<br>▸ প্রতি সভার জন্য সদস্য প্রতি ৩০০ (তিনশত) টাকা, তবে সর্বোচ্চ ৯০০ (নয়শত টাকা)। |
| | **"কারিগরি সাব কমিটির সদস্য-প্রতি ফি বা সম্মানী ঃ** |
| | ১০ (দশ) কোটি টাকার উর্ধ্বের ক্রয়ের ক্ষেত্রে ঃ<br>▸ প্রতি সভার জন্য সদস্য প্রতি ১৫০০ (এক হাজার পাঁচশত) টাকা, তবে সর্বোচ্চ ৩০০০ (তিন হাজার) টাকা ;<br>১ (এক) কোটি টাকার উর্ধ্ব হইতে ১০ (দশ) কোটি টাকা পর্যন্ত ক্রয়ের ক্ষেত্রে ঃ<br>▸ প্রতি সভার জন্য সদস্য প্রতি ১০০০ (এক হাজার) টাকা, তবে সর্বোচ্চ ২০০০ (দুই হাজার) টাকা ;<br>১০ (দশ) লক্ষ টাকার উর্ধ্ব হইতে ১ (এক) কোটি টাকা পর্যন্ত ক্রয়ের ক্ষেত্রে ঃ<br>▸ প্রতি সভার জন্য সদস্য প্রতি ৫০০ (পাঁচশত) টাকা, তবে সর্বোচ্চ ১০০০ (এক হাজার টাকা);<br>১০ (দশ) লক্ষ টাকা পর্যন্ত ক্রয়ের ক্ষেত্রে ঃ<br>▸ প্রতি সভার জন্য সদস্য প্রতি ৩০০ (তিনশত) টাকা, তবে সর্বোচ্চ ৬০০ (ছয়শত টাকা)। "; |

(গ) যথাক্রমে "৯(২)(ক)", "৯(২)(ক)"ও "৯(২)(খ)" এবং উহাদের বিপরীতে "সময়, মূল্য, ইত্যাদি" শিরোনামাধীন কলামে উল্লিখিত শিরোনামসমূহ ও এন্ট্রিসমূহ বিলুপ্ত হইবে;

(ঘ) "২২(৩) ও (৫)" এর বিপরীতে "সময়, মূল্য, ইত্যাদি" শিরোনামাধীন কলামে উল্লিখিত এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"আইটেম-বাই-আইটেমভিত্তিক দরপত্রের ক্ষেত্রে ব্যতিরেকে, সর্বক্ষেত্রেই দাপ্তরিক প্রাক্কলিত মূল্যের ৩% (শতকরা তিন ভাগ) এর মধ্যে নির্দিষ্ট পরিমাণে।";

(ঙ) "২২(৪)" এর বিপরীতে "সময়, মূল্য, ইত্যাদি" শিরোনামাধীন কলামে উল্লিখিত শিরোনাম ও এন্ট্রির পরিবর্তে যথাক্রমে নিম্নরূপ শিরোনাম ও এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

**"আইটেম-বাই-আইটেমভিত্তিক দরপত্রের ক্ষেত্রে দরপত্র জামানতের পরিমাণ ঃ**

আইটেমভিত্তিক দরপত্র আহ্বানের ক্ষেত্রে একটি দরপত্র জামানতের মাধ্যমে উদ্ধৃত মোট মূল্যের ন্যূনতম ২% (শতকরা দুই ভাগ)।";

(চ) "৩৯(৩)" এর বিপরীতে "সময়, মূল্য, ইত্যাদি" শিরোনামাধীন কলামের দ্বিতীয় এন্ট্রিতে (দ্বিতীয় বুলেটে) উল্লিখিত "ক্রয়কারী কার্যালয় প্রধানের" শব্দগুলির পরিবর্তে "ক্রয়কারী কার্যালয় প্রধান বা তৎকর্তৃক ক্ষমতা প্রাপ্ত ব্যক্তির" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(ছ) "৩৯(১৮)" এবং উহার বিপরীতে "সময়, মূল্য, ইত্যাদি" শিরোনামাধীন কলামে উল্লিখিত শিরোনাম ও এন্ট্রি বিলুপ্ত হইবে;

(জ) "৬৩(২)" এর বিপরীতে "সময়, মূল্য, ইত্যাদি" শিরোনামাধীন কলামের দ্বিতীয় এন্ট্রিতে (দ্বিতীয় বুলেটে) উল্লিখিত "৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা" সংখ্যা, বন্ধনী ও শব্দগুলির পরিবর্তে "২(দুই) কোটি টাকা" সংখ্যা, বন্ধনী ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(ঝ) "৭৪(৪)" এর বিপরীতে "সময়, মূল্য, ইত্যাদি" শিরোনামাধীন কলামে উল্লিখিত এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"মূল চুক্তি মূল্যের ১৫% (শতকরা পনের ভাগ) হইতে সর্বোচ্চ ৫০% (শতকরা পঞ্চাশ ভাগ)।";


(ঞ) "৯০(২)(গ)" এবং উহার বিপরীতে "সময়, মূল্য, ইত্যাদি" শিরোনামাধীন কলামে উল্লিখিত শিরোনাম ও এন্ট্রি বিলুপ্ত হইবে;

(ট) "৯৬(১১)(ক)" সংখ্যাগুলি, বন্ধনীগুলি ও বর্ণের পরিবর্তে "৯৬(১১)(ক) এবং (গ)" সংখ্যাগুলি, বন্ধনীগুলি, বর্ণগুলি ও শব্দ প্রতিস্থাপিত হইবে;

২৪। তফসিল-৩ এর "অংশ-ঘ" এর পর নিম্নরূপ একটি নূতন অংশ "অংশ-ঘঘ" সন্নিবেশিত হইবে, যথা ঃ—

"অংশ-খ ঃ [বিধি ৬২(২) দ্রঃ]

## ONE STAGE TWO ENVELOPE TENDERING METHOD




"।

২৫। তফসিল-৪ এর 'অংশ-ঘ' এর "Steps for Opening Tenders" এর clause (13) এর শেষ প্রান্তঃস্থিত ফুলস্টপ চিহ্নের পরিবর্তে কোলন চিহ্ন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ একটি নূতন শর্তাংশ সংযোজিত হইবে, যথা ঃ

"Provided that in case of One Stage Two Envelope Tendering Method, first tear-open the Technical offer and the financial offer remain sealed and are held in safe custody by the Head of the Procuring Entity (HOPE) or authorized officer.";

২৬। তফসিল-৫ এর "অংশ-খ" এর টেবিলের "Col No." শিরোনামাধীন কলামে উল্লিখিত কলাম নম্বর "16" এর বিপরীতে "Note" শিরোনামাধীন কলামে উল্লিখিত "Use the Public Procurement Processing & Approval Procedures (PPPAP) to determine the minimum dates applicable to each Procurement package method." শব্দগুলি, বন্ধনী ও ফুলস্টপ বিলুপ্ত হইবে ;

২৭। তফসিল-৯ এর "অংশ-গ" তে উল্লিখিত নির্দেশাবলীর clause 2(a) তে উল্লিখিত "(See Schedule M)" বন্ধনী, শব্দগুলি ও বর্ণ বিলুপ্ত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ হাবিব উল্লাহ মজুমদার**
সচিব
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।

মোহাম্মদ জাকীর হোসেন (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ মজিবুর রহমান (যুগ্ম-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, এপ্রিল ১, ২০১২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**পরিকল্পনা মন্ত্রণালয়**

**বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ**

**সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৮ চৈত্র ১৪১৮ বঙ্গাব্দ/১ এপ্রিল ২০১২ খ্রিস্টাব্দ

**এস. আর. ও নং ৮৩-আইন/২০১২।**— পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ (২০০৬ সালের ২৪ নং আইন) এর ধারা ৭০ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা ঃ

উপরি-উক্ত বিধিমালার—

১। বিধি ৯০ এর উপ-বিধি ২ এর দফা (খ) এর পর বিলুপ্ত দফা (গ) পুনরুজ্জীবিত হইবে, যথা ঃ—

"(গ) জাতীয় পর্যায়ে বিজ্ঞাপন প্রদানের অতিরিক্ত হিসাবে তফসিল-২ এ বর্ণিত ক্রয়ের ক্ষেত্রে ঢাকার বাহিরে কার্যরত কোন ক্রয়কারী বহুল প্রচারিত সর্বাধিক দুইটি আঞ্চলিক বা স্থানীয় দৈনিক সংবাদপত্রে পর পর সর্বাধিক ২(দুই) দিনের জন্য বিজ্ঞাপন প্রকাশ করিতে পারিবে;"



মূল্যঃ টাকা ২.০০

২। তফসিল-২ এর বিধি ৮৮(১) ও ৮৮(২) এবং উহার বিপরীতে "সময়, মূল্য, ইত্যাদি" শিরোনামাধীন কলামে উল্লিখিত শিরোনাম ও এন্ট্রিসমূহের পর নিম্নরূপ নূতন বিধি এবং উহার বিপরীতে শিরোনাম ও এন্ট্রি সন্নিবেশিত হইবে, যথা ঃ—

| | |
|---|---|
| "৯০(২)(গ) | **স্থানীয় ও আঞ্চলিক পত্রিকায় বিজ্ঞাপন প্রকাশ ঃ** |
| | • দাপ্তরিক প্রাক্কলিত মূল্য যখন ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা বা তাহার নিম্নে।"। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মোজাম্মেল হক খান**
সচিব।

মোঃ আবু ইউসুফ (যুগ্ম-সচিব), উপ-পরিচালক, অতিরিক্ত দায়িত্ব, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ দেলোয়ার হোসাইন (উপ-সচিব), উপ-পরিচালক, অতিরিক্ত দায়িত্ব, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। www.bgpress.gov.bd